জয়পুরহাট জেলার আগস্ট-২০১৯ মাসের জেলা টাস্কফোর্স সভার কার্যবিবরণী

সভাপতি: মোহাম্মদ জাকির হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জয়পুরহাট

তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি., সময়: বেলা ১২.১০ মিঃ

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ''ক'' ও ''খ'' দ্রষ্টব্য

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

এরপর জেলায় টাস্কফোর্স পরিচালনা সংক্রান্ত জুলাই-২০১৯ মাসের নিম্নরূপ তথ্য উপস্থাপন করা হয়:

ক্রঃ নং	অভিযানের সংখ্যা	জব্দকৃত মালামালের আনুমানিক মূল্য	আটক ব্যক্তির সংখ্যা	দায়েরকৃত মামলার সংখ্যা
১	২	৩	৪	৫
০১	১৪টি	১২,৫০০/-	০৫	০৫

জুলাই, ২০১৯ মাসে ১৪টি টাস্কফোর্স পরিচালনা করে আনুমানিক ১২,৫০০/- টাকার মালামাল উদ্ধার করা হয়। সীমান্ত এলাকাসহ সন্দেহজনক এলাকায় এবং জয়পুরহাট জেলার উপর দিয়ে চলাচলকারী ট্রেনে সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে স্ব স্ব বিভাগের উদ্যোগে ফলপ্রসু টাস্কফোর্স পরিচালনার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকল বিভাগের প্রতি অনুরোধ জানানো হয়। এছাড়া, স্থানীয় ভাবে প্রদত্ত নির্দেশনা ও প্রমাপ অনুযায়ী টাস্কফোর্স অভিযান পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে পুনরায় অনুরোধ জানানো হয়। পাশাপাশি চোরাচালান প্রতিরোধে স্থানীয় জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে সীমান্ত এলাকায় নিয়মিত জনসচেতনতামূলক সভাসহ মোটিভেশনাল কার্যক্রম অব্যাহত রাখার প্রতি সভায় গুরুত্ব আরোপ করা হয়।

এ পর্যায়ে জনাব মোঃ জাহানুর ইসলাম সাবু, পিতা-ছহির উদ্দিন মন্ডল, সাং-চেঁচড়া, পোঃ বাগজানা, উপজেলা-পাঁচবিবি, জেলা-জয়পুরহাট কর্তৃক দাখিলকৃত জেলার পাঁচবিবি উপজেলার সীমান্ত এলাকার আটাপাড়া বিওপির অধীন গবাদি পশুর বিট/খাটাল স্থাপনের আবেদন বিষয়ে পর্যালোচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উন্মুক্ত আলোচনা করা হয়।

ক্রম	আবেদনকারীর নাম ও ঠিকানা	আবেদনের ধরণ	সংশ্লিষ্ট বিওপির নাম
০১	জনাব মোঃ জাহানুর ইসলাম সাবু পিতা-ছহির উদ্দিন মন্ডল সাং-চেঁচড়া, পোঃ বাগজানা উপজেলা-পাঁচবিবি, জেলা-জয়পুরহাট	১৪২৬ বাংলা সনের জন্য গবাদি পশুর বিট/ খাটাল স্থাপনের আবেদন	পাঁচবিবি উপজেলার সীমান্ত এলাকার আটাপাড়া বিওপি সংলগ্ন মৌজা-উত্তর কৃষ্ণপুর; জে,এল নং-১৩ খতিয়ান নং- ৮৩, দাগ নং- ৩১৯,২৯০,২৭৩,২২৩,২৫৭ জমির পরিমান যথাক্রমে-.১৯,৩৫,১৬,১৯,১১ মোট-১০০ শতক

ক্রমিক নং ১ এ উপস্থাপিত আবেদনটি উপজেলা কমিটির ১৫.০৭.২০১৯ তারিখের সভায় পর্যালোচনা করে জনাব মোঃ জাহানুর ইসলাম সাবু পিতা-ছহির উদ্দিন মন্ডল, সাং-চেঁচড়া, পোঃ বাগজানা, উপজেলা-পাঁচবিবি, জেলা-জয়পুরহাট এর সীমান্ত এলাকায় গবাদি পশুর বিট/খাটাল ১৪২৬ বাংলা সনের জন্য স্থাপনের আবেদন সুপারিশসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা কমিটি বরাবর প্রেরণ করা হয়েছে। সে প্রেক্ষিতে জেলা টাস্কফোর্স কমিটির অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

আলোচনায় অংশ নিয়ে সদস্যগণ বলেন, সীমান্ত এলাকায় বিজিবির কঠোর নজরদারির কারণে বর্তমানে পরিস্থিতি শান্তিপূর্ণ রয়েছে। যদিও গবাদি পশুর বিট/খাটাল স্থাপনের অনুমতি দেয়া হলে গরু/ছাগলের পাশাপাশি মাদক ও অবৈধ অস্ত্র চোরাচালানের সম্ভাবনা রয়েছে। সুতরাং এ বিষয়ে বিশেষভাবে সতর্কতা অবলম্বন করতে হবে এবং নজরদারি বৃদ্ধি করতে হবে। বাংলাদেশী কোন রাখাল সীমান্তের শূন্যরেখা অতিক্রম করতে না পারে সে দিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। বিস্তারিত আলোচনা অন্তে সরকারি রাজস্ব বৃদ্ধির স্বার্থে উপরোল্লিখিত আবেদনকারী জনাব মোঃ জাহানুর ইসলাম সাবু, পিতা-ছহির উদ্দিন মন্ডল, সাং-চেঁচড়া এর অনুকূলে বিট/খাটাল স্থাপন অনুমোদনের জন্য সুপারিশসহ চোরাচালান প্রতিরোধ আঞ্চলিক টাস্কফোর্স কমিটি বরাবর প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

বিস্তারিত আলোচনা অন্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১)	টাস্কফোর্স অভিযান পরিচালনা সংক্রান্ত	ক) সীমান্ত এলাকা, সন্দেহজনক এলাকা এবং ট্রেনে সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে স্ব স্ব বিভাগের উদ্যোগে চোরাচালান বিরোধী ফলপ্রসু অভিযান পরিচালনা করতে হবে। খ) প্রতি মাসে উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর ও পাঁচবিবিকে ০৩(তিন) টি করে, কালাই ও ক্ষেতলালকে ০১(এক) টি করে এবং আক্কেলপুরকে ০২(দুই) টি টাস্কফোর্স অভিযান পরিচালনা করতে হবে। গ) স্থানীয় জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে নিয়মিত সচেতনতামূলক সভা আয়োজন এবং মোটিভেশনাল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ঘ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে মাদক বিরোধী সফল অভিযান পরিচালনা করে নিয়মিত প্রতিবেদন দাখিলের পাশাপাশি মোটিভেশনাল কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১) পুলিশ সুপার, জয়পুরহাট ২) অধিনায়ক,২০ বিজিবি, জয়পুরহাট ৩) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,জয়পুরহাট ৪)জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে পশ্চিমাঞ্চল, রাজশাহী ৫)কোম্পানী কমান্ডার, র‍্যাব ক্যাম্প জয়পুরহাট ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৭) জেলা কমান্ড্যান্ট,আনসার ও ভিডিপি ৮) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জয়পুরহাট ৯) রাজস্ব কর্মকর্তা,কাস্টমস্,এক্সসাইজ ও ভ্যাট সার্কেল, জয়পুরহাট

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
২)	টাস্কফোর্স সভা সংক্রান্ত	জেলার প্রত্যেক উপজেলায় প্রতি মাসে নিয়মিত টাস্কফোর্স সভা আয়োজন করে কার্যবিবরণী এবং প্রয়োজনীয় প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৩)	সীমান্ত এলাকায় গবাদি পশুর বিট/খাটাল স্থাপন সংক্রান্ত	০১ নং ক্রমিকে উপস্থাপিত জনাব মোঃ জাহানুর ইসলাম সাবু, পিতা-ছহির উদ্দিন মন্ডল, সাং-চেঁচড়া, পোঃ বাগজানা, উপজেলা-পাঁচবিবি, জেলা-জয়পুরহাট এর আটাপাড়া সীমান্ত এলাকায় গবাদি পশুর বিট/খাটাল ১৪২৬ বাংলা সনের জন্য স্থাপনের আবেদন বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সুপারিশসহ আঞ্চলিক টাস্কফোর্স কমিটি বরাবর প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট

(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: ০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(জেএম শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০১১.১৯-১০৫৭ তারিখ: ১৮/০৮/২০১৯ খ্রি.

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

৪। পুলিশ সুপার, জয়পুরহাট
৫। অধিনায়ক, ২০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, জয়পুরহাট
৬। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর, জয়পুরহাট
৮। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, জয়পুরহাট
৭। উপ-পরিচালক, এনএসআই, জয়পুরহাট
৯। সহকারী কমিশনার, কাষ্টমস্ এক্সাইজ ও ভ্যাট সার্কেল, জয়পুরহাট
১০। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জয়পুরহাট

১৮/০৮/১৯
(সাদেকুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: ০৫৭১-৬২২৫২
admjoypurhat@gmail.com

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট:"ক"(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পুলিশ সুপার, জয়পুরহাট
২। উপ-অধিনায়ক, ১৪ বিজিবি, পত্নিতলা, নওগাঁ (প্রতিনিধি)
৩। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি
৪। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর
৫। উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল
৬। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, জয়পুরহাট
৭। উপ-পরিচালক, এনএসআই, জয়পুরহাট
৮। রাজস্ব কর্মকর্তা, কাষ্টমস্ এক্সাইজ ও ভ্যাট বিভাগ, জয়পুরহাট
৯। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জয়পুরহাট

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "খ"

২। উপ-অধিনায়ক, ২০ বিজিবি, জয়পুরহাট
৪। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর